

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা-১২ (বেসরকারি মাধ্যমিক-২)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১১৯.১৭-৬৭

তারিখ: ১৩ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ
২৯ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ

বিষয়: “সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৭” বাস্তবায়ন প্রসঙ্গে।

“সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২” সংশোধিত (মার্চ ২০১৭ পর্যন্ত) জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলকে উক্ত নীতিমালা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে। এ নীতিমালার আলোকে মেধা যাচাইয়ের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কার্যক্রম পঞ্জিকা প্রণয়ন করা হয়েছে :

পর্যায়	তারিখ
শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে	১৩ ও ১৪ মার্চ ২০১৭
উপজেলা পর্যায়ে	১৮, ১৯ ও ২০ মার্চ ২০১৭
জেলা পর্যায়ে	২২ মার্চ ২০১৭
ঢাকা মহানগরী পর্যায়ে	২৩ মার্চ ২০১৭
বিভাগীয় পর্যায়ে	২৮ মার্চ ২০১৭
জাতীয় পর্যায়ে	৩০ মার্চ ২০১৭

উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, দেশব্যাপী উপজেলা পর্যায়ে একই তারিখে অর্থাৎ ১৮ মার্চ ২০১৭ তারিখে প্রতিযোগিতা শুরু করতে হবে।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
☎: ৯৫৭০৬৭২

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেঁজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তঁর আওতাধীন অফিসসমূহে প্রেরণ ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড(সকল) (তঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৮। জেলা প্রশাসক, (সকল) (তঁর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারকে নীতিমালার কপি ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
- ৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিভাজার, ঢাকা (তঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১১। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।
- ১৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল) (তঁর আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
- ১৪। জেলা শিক্ষা অফিসার, (সকল) (তঁর আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
- ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..... (সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১১৯.১৭-৬৭

তারিখ: ১৩ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ
২৯ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব